সরকারী কাজে ব্যবহারের জন্য

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র
(অক্টোবর ২০০৯ পর্যন্ত সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-খাদুব্যম/ত্রাক-১/১(১)/২০০৯-২০১০/৫৬ তারিখ-২৭/১০/২০০৯ খ্রিঃ

প্রেরকঃ মোহাম্মদ আবদুল ওয়াজেদ,
যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ),
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়।

প্রাপকঃ (১) জেলা প্রশাসক, ...(সকল)।
(২) উপজেলা নির্বাহী অফিসার,..(সকল)।

বিষয়ঃ **গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর পরিপত্র।**

	অক্টোবর/২০০৯ পর্যন্ত সংশোধিত পরিপত্র
১।	প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত গ্রামীণ অবকাঠামো নির্মাণ/পুনর্নির্মাণ এবং সাধারণ অবস্থায় গ্রামীন অবকাঠামো উন্নয়নের জন্য গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় বিভিন্ন ধরনের প্রকল্প বাস্তবায়ন করাই এ কর্মসূচীর উদ্দেশ্য। তবে বাস্তবায়িত কর্মসূচীর মূল লক্ষ্য হইবে গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি, গ্রামীণ জনগণের আয় বৃদ্ধি, দেশের সর্বত্র খাদ্য সরবরাহের ভারসাম্য আনয়ন এবং দারিদ্র বিমোচনে ইতিবাচক প্রভাব সৃষ্টি ।
২।	(ক) খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় বাজেটে বরাদ্দকৃত খাদ্যশস্য এক বা একাধিক কিস্তিতে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বরাবর ন্যস্ত করিবে এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হইতে জেলা প্রশাসক বরাবর দুঃসহতা, জনসংখ্যা ও অনগ্রসরতার ভিত্তিতে থোক বরাদ্দ প্রদান করিবে।
	(খ) গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী খাতে প্রাপ্ত খাদ্যশস্য দ্বারা প্রকল্প গ্রহণের জন্য জনসংখ্যার ভিত্তিতে ৫০%, দুঃসহতা ও আয়তনের ভিত্তিতে যথাক্রমে ৩০% ও ২০% হারে উপজেলাওয়ারী সম্পদ বরাদ্দ করা হইবে এবং বরাদ্দকৃত সম্পদ দ্বারা ইউনিয়ন ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে।
	(গ) মন্ত্রণালয়ের বিশেষ বিবেচনায় মাননীয় সংসদ সদস্য অথবা গণ্যমান্য ব্যক্তিদের নিকট হইতে জেলা প্রশাসকের মাধ্যমে প্রাপ্ত বিশেষ প্রকল্পে খাদ্যশস্য বরাদ্দ করা যাইবে।
	(ঘ) অর্থ বৎসরের শুরুতেই ইউনিয়ন পরিষদ অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাছাই পূর্বক ইউনিয়ন পরিষদের সভায় চূড়ান্ত করিয়া জুলাই মাসের মধ্যে উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করিবে। উক্ত প্রকল্প তালিকা পাওয়ার পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রকল্পের সম্ভাব্যতা যাচাইসহ প্রাক-জরীপ গ্রহণ করিবেন। সম্ভাব্যতা যাচাইয়ে যদি কোন প্রকল্প কারিগরি ত্রুটিযুক্ত (আনফিজিবল) হয়, তবে বিকল্প প্রস্তাব গ্রহণ করা যাইবে। এছাড়াও যে সকল প্রকল্পের ক্ষেত্রে খাদ্যশস্য নগদায়ন(৩০% এর উর্দ্ধে নয়) হবে সেক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা যুক্তিসহকারে নগদায়নের পরিমাণ উল্লেখ করে প্রয়োজনীয় সুপারিশ করবেন। বিশেষ ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, অতিবর্ষণজনিত কারণে রাস্তার ব্যাপক ক্ষতি হইলে যে কোন রাস্তা অগ্রাধিকারভিত্তিতে গ্রহণ করা যাইবে। ব্যক্তি মালিকানাধীন পুকুর যাহার পানি জনগণ অবাধে ব্যবহার করিতে পারে বা পুকুর সংস্কার করার পরও তাহা অব্যাহত থাকিবে এমন নিশ্চয়তা পাওয়া গেলে প্রকল্পটি গ্রহণের বিষয়ে উপজেলা কমিটি বিবেচনা করিতে পারে।
৩।	উপরোক্ত কর্মসূচীতে পুকুর/খাল খনন/পুনর্খনন, রাস্তা নির্মাণ/ পুনর্নির্মাণ,রাস্তা-বাঁধ নির্মাণ/ পুনর্নির্মাণ, জলাবদ্ধতা দূরীকরণের জন্য নালা ও সেচনালা খনন/ পুনর্খনন, বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মাঠে মাটি ভরাট, মাটির কিল্লা নির্মাণ/ পুনর্নির্মাণ ইত্যাদি কাজের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে।
৪।	ব্যক্তি মালিকানাধীন ও বিরোধপূর্ণ জমিতে উপরে উল্লিখিত প্রকল্প গ্রহণ করা যাইবে না। সম্পূর্ণ নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জমির প্রাপ্যতা সংক্রান্ত সনদপত্র সংশ্লিষ্ট জমির মালিক/ওয়ারিশ, ইউপি চেয়ারম্যানের প্রত্যয়নপত্র এবং উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষরসহ প্রকল্প প্রস্তাবের সহিত আবশ্যিকভাবে দাখিল করিতে হইবে।
৫।	(ক) অর্থ বছরের শুরুতে ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রকল্পসমূহ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সরেজমিনে যাছাই, বাছাই ও প্রাক জরীপ কাজ সম্পন্ন করিবে এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ সমন্বয় কমিটির নিকট উপসহাপন করিবে।
	(খ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি প্রাপ্ত তালিকার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক চূড়ান্ত অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিবে এবং সুপারিশসহ জেলা কর্ণধার কমিটি বরাবর প্রেরণ করিবে।
	(গ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির সভায় উপসিহত অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রকল্প বাছাই করিতে হইবে। সভায় উপসিহত সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকা চূড়ান্তভাবে প্রস্তুত করিবে।
৬।	(ক) প্রতিটি উপজেলায় প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়ন করিতে হইবে এবং ২ (ঘ) অনুযায়ী নির্ধারিত নীতিমালার ভিত্তিতে প্রাপ্ত সম্পদ হইতে ইউনিয়নভিত্তিক ইহা বাস্তবায়ন করিতে হইবে। (খ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি এলাকার গুরুত্ব অনুসারে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে প্রাপ্ত সম্পদের প্রকল্প গ্রহণ করিবে। উক্ত কমিটির যে সভায় প্রকল্প সমূহ চূড়ান্তভাবে গ্রহণ করা হইবে, সেই সভায় উপদেষ্টা হিসাবে উপসিহত থাকার জন্য

	স্থানীয় সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যকে উপজেলা নির্বাহী অফিসার অবশ্যই আমন্ত্রণ জানাইবেন। উক্ত সভায় উপস্থিত সংসদ সদস্যের পরামর্শ ও উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির উপস্থিত অধিকাংশ সদস্যের মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রকল্প বাছাই করিতে হইবে। (গ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সংশিষ্ট জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে। (ঘ) এই কর্মসূচীর আওতায় মন্ত্রণালয় থেকে মাননীয় সংসদ সদস্যগণের অনুকূলে এলাকার উন্নয়নের জন্য বিশেষ থোক (খাদ্যশস্য) বরাদ্দ প্রদান করা হইলে সেক্ষেত্রে ৬(খ) অনুচ্ছেদ প্রযোজ্য হইবে না। এক্ষেত্রে মাননীয় সংসদ সদস্য কর্তৃক অনুমোদিত প্রকল্প তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করিতে হইবে। উপজেলা নির্বাহী অফিসার অনুমোদিত প্রকল্পসমূহ নীতিমালার ভিত্তিতে বাস্তবায়ন করিবেন।
৭	জেলা কর্ণধার কমিটি ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হইতে বরাদ্দ পাওয়ার পর উপজেলা হইতে প্রাপ্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত অনুমোদন প্রদান করিবে এবং ইউনিয়নভিত্তিক প্রকল্পের বিপরীতে খাদ্যশস্য বরাদ্দ প্রদান করিবে।
	(ক) একটি প্রকল্পের জন্য সর্বনিম্ন বরাদ্দ হইবে ৬.০০ (ছয়) মেট্রিক টন।
	(খ) খাদ্যশস্য দ্বারা গৃহীত প্রকল্পের মাটির কাজের সাথে অন্যান্য নির্মাণ/ মেরামতের কাজ যেখানে নির্মাণ সামগ্রী ব্যবহারের প্রয়োজন হইবে সেই সকল কাজে যেমন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, পাইপ কালভার্ট, প্যালাসাইডিং, ইট বিছানো, ব্রীজ এপ্রোচ মেরামত ইত্যাদির জন্য প্রয়োজনবোধে সর্বাধিক ৩০% গম/চাউল নগদায়ন করা যাইবে। এ ক্ষেত্রে ২(ঘ) অনুচ্ছেদ প্রযোজ্য হইবে। তবে এই কাজের জন্য বিক্রিত গম/চাউলের মূল্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের কম হইতে পারিবে না।
৮।	বিভিন্ন বাহিনীর (সামরিক, বিডিআর, পুলিশ ও আনসার) নিয়ন্ত্রনাধীন বিভিন্ন এলাকায় সংস্কার/ উন্নয়নমূলক কাজের জন্য বিশেষ বিবেচনায় বরাদ্দকৃত খাদ্যশস্য অবশ্যই কাবিখা কর্মসূচী বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী হইতে হইবে। এক্ষেত্রে খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি) এর নীতিগত অনুমোদন লাগবে।
৯।	রাস্তা/রাস্তা-কাম-বাঁধের ডিজাইন/নমুনা নিম্নোক্তভাবে অনুসরণ করিতে হইবেঃ
	(ক) উপরিভাগের প্রস্থঃ রাস্তার উপরিভাগের প্রস্থ হইবে সর্বনিম্ন ৩.৬ মিটার।
	(খ) রাস্তার উচ্চতাঃ রাস্তার উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে ঐ অঞ্চলের সর্বোচ্চ বন্যার (Flood Level) স্তরের উপর কমপক্ষে ০.৭৫ মিটার হইতে হইবে। স্থানীয় পরিস্থিতি ও ভৌগলিক অবস্থাভেদে ইহা শিথিলযোগ্য হইবে।
	(গ) সাইড সেলাপঃ সর্বোচ্চ সাইড সেলাপ মাটির প্রকার ভেদের উপর নির্ভর করিবে। নিম্নের মাটির প্রকার ভেদ হিসাবে সাইড সেলাপ উল্লেখ করা হইলঃ-
	১। কাদা মাটি ঃ ১ঃ৩ ২। পলিযুক্ত কাদা মাটি ঃ ১ঃ১.৫ ৩। কাদামুক্ত পলিমাটি ঃ ১ঃ১.৫ ৪। পলিমাটি ঃ ১ঃ২ ৫। বালিমাটি ঃ ১ঃ৩
	(ঘ) বার্মঃ প্রয়োজনে রাস্তার প্রকারভেদে রাস্তার তলদেশের উভয় পার্শ্বে ন্যূনতম ৩-৫ ফুট (০.৭৫-১.৫ মিটার) বার্ম রাখিতে হইবে।
১০।	(ক) মাটি ভরাট প্রকল্পের ক্ষেত্রে নিকটবর্তী স্থায়ী সমতলকে RL ধরিয়া প্রাক ও কর্মোত্তর জরীপ হিসাব করিতে হইবে।
	(খ) মাটির প্রাপ্যতা বিবেচনায় লিডের সংখ্যা ১৫টি পর্যন্ত হিসাব করা যাইবে।
	(গ) হাওর, বাওর ও উপকূলবর্তী এলাকার বাঁধ, রাস্তা, খাল ও পুকুর ইত্যাদি প্রকল্পের মাটির কাজের ক্ষেত্রে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত ম্যানুয়েল অনুসরণ করিতে হইবে।
	(ঘ) প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আরও যে সকল বিষয়ে গুরুত্ব প্রদান করিতে হইবে তাহা হইলঃ (১) পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা রাখিয়া প্রকল্প গ্রহণ করিতে হইবে। (২) জলাবদ্ধতা সৃষ্টি করে এমন কোন প্রকল্প গ্রহণ করা যাইবে না। (৩) সরকারী খাস জমি বা রাস্তার পার্শ্বস্থিত খাল খনন/পুনর্খননের বিষয়টি বিবেচনায় রাখিতে হইবে। (৪) পুকুর/জলাশয় ভরাটের কোন প্রস্তাব গ্রহণ করা যাইবে না।
১১।	প্রকল্প প্রণয়নকালে উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি প্রকল্পটির সম্ভাব্যতা যাচাই করিবে এবং গৃহীত প্রকল্পটি অন্য কোন সংস্থা/ এজেন্ট কর্তৃক বাস্তবায়নের জন্য গৃহীত হয় নাই মর্মে নিশ্চিত হইতে হইবে।

১২। প্রত্যেক জেলায় গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসূচী বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটিসমূহ থাকিবেঃ-

(ক) জেলা কর্ণধার কমিটি

(১) জেলার সকল মাননীয় সংসদ সদস্য ঃ উপদেষ্টা
(২)জেলা প্রশাসক ঃ সভাপতি
(৩) পুলিশ সুপার ঃ সদস্য
(৪) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ঃ সদস্য
(৫) পৌরসভার মেয়র (সকল) ঃ সদস্য
(৬) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ঃ সদস্য
(৭) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড ঃ সদস্য
(৮) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ঃ সদস্য
(৯) জেলা দুর্নীতি দমন কর্মকর্তা (উপ-পরিচালক/সহকারী পরিচালক পর্যায়) ঃ সদস্য
(১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ সদস্য
(১১) জেলা মৎস্য কর্মকর্তা ঃ সদস্য
(১২) বিভাগীয় বন কর্মকর্তা ঃ সদস্য
(১৩) উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর ঃ সদস্য
(১৪) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ঃ সদস্য
(১৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল) ঃ সদস্য
(১৬) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ঃ সদস্য-সচিব

কর্মপরিধিঃ

(১) উপজেলা পর্যায়ে প্রণীত সকল গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর প্রকল্প পর্যালোচনা ও অনুমোদন।

(২) অনুমোদিত প্রতিটি প্রকল্পের বিপরীতে খাদ্যশস্যের বরাদ্দ আদেশ জারী।

(৩) সামগ্রীকভাবে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সুপারিশ।

(৪) জেলাধীন গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর অগ্রগতি পর্যালোচনা ও উহার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবসহা করিবে।

(৫) উপজেলা কর্তৃক প্রকল্পের বিপরীতে ছাড়কৃত সম্পদের সঠিক ব্যবহার হইতেছে কি না এবং শ্রমিকদিগকে তাহাদের ন্যায্য পারিশ্রমিক প্রদান করা হইতেছে কি না উহার নিশ্চয়তা বিধান করিবে।

(৬) উপরন্তু কোন প্রতিবন্ধকতা বা ত্রুটি নজরে আসিলে প্রতিবিধানের জন্য প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণ করিবে। জেলা কর্ণধার কমিটি ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরকে প্রয়োজনে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্য সুপারিশ করিবে। এই কর্মসূচীর আওতায় মঞ্জুরীকৃত সম্পদের আত্মসাৎ/অপচয় রোধ করার জন্য কমিটি সতর্ক থাকিবে এবং এতদসংক্রান্ত প্রতিটি অভিযোগের উপর যথাসত্বর প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণ করিবে। অভিযোগসমূহের তদন্ত এবং বিচারাধীন মামলাসমূহের বিচার ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণ করিবে।

(৭) জেলা কর্ণধার কমিটি প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতি মাসে একবার বৈঠকে বসিবে এবং প্রকল্পসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয় এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।

(খ) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিঃ

(১) সহানীয় মাননীয় সংসদ সদস্য ঃ উপদেষ্টা
(২) **উপজেলা চেয়ারম্যান ঃ সভাপতি**
(৩) উপজেলা নির্বাহী অফিসার ঃ সহ-সভাপতি
(৪) উপজেলা ভাইস চেয়ারম্যান ঃ সদস্য
(৫) উপজেলা প্রকৌশলী,সহানীয় সরকার প্রকৌশল বিভাগ ঃ সদস্য
(৬) উপজেলা কৃষি কর্মকর্তা ঃ সদস্য
(৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ সদস্য
(৮) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা ঃ সদস্য
(৯) উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা ঃ সদস্য
(১০) উপজেলা মৎস্য কর্মকর্তা ঃ সদস্য
(১১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ সদস্য
(১২) উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য **প্রকৌশল** বিভাগ ঃ সদস্য
(১৩)উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ সদস্য
(১৪) উপজেলার ২ জন গণ্যমান্য ব্যক্তি, ১জন শিক্ষক

ও ১জন মহিলা (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)ঃ সদস্য
(১৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ সদস্য-সচিব

কর্মপরিধিঃ

(১) অর্থ বছরের শুরুতেই ইউনিয়ন ভিত্তিক প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করিয়া জেলা কর্ণধার কমিটিতে প্রেরণ করিবে।

(২) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি সম্পদের সুষ্ঠুব্যবহার, যাবতীয় প্রতিবেদন প্রণয়ন ও প্রাপ্ত সম্পদের হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকিবে। প্রকল্প প্রণয়ন কাজে প্রকল্পের কারিগরী সম্ভাব্যতা যাচাই কাজ এবং প্রকল্পবাস্তবায়ন কালে কারিগরি দিক পর্যালোচনা করিবে।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রকল্পের সঠিকবাস্তবায়ন ও তদারকির জন্য উক্ত কমিটি দায়ী থাকিবে। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে বাস্তবায়ন কালে কারিগরি দিক পর্যালোচনা করিবে এবং সম্পদের সঠিক ব্যবহার নিশ্চিত করিবে।

(৪) উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি অবশ্যই সংশিষ্ট ইউনিয়ন পরিষদসমূহকে প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সরাসরি পরিচালনা ও তদারকির কাজে অন্তর্ভুক্ত রাখিবে।

(৫) সরকারী কর্মকর্তাগণের পরিবীক্ষণ ও তদন্ত প্রতিবেদন এবং সুপারিশসমূহ পর্যালোচনা করিবে এবং যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবে।

(৬) কাজের মৌসুমে প্রতিমাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া তাহা জেলা প্রশাসক এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।

(গ) ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিঃ

১। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ	সভাপতি
২। ইউনিয়ন পর্যায়ের সকল সদস্য/সদস্যা	সদস্য
৩। ইউনিয়ন কৃষি সহকারী (বল্পক সুপারভাইজার)	সদস্য
৪। ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক	সদস্য
৫। বিআরডিবি মাঠ সহকারী	সদস্য
৬। ইউনিয়নের প্রত্যেক ওয়ার্ডের একজন সমাজকর্মী/ গণ্যমান্য ব্যক্তি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
৭। ইউনিয়নের ১ জন শিক্ষক ও ১ জন মহিলা প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)	সদস্য
৮। ইউনিয়ন পরিষদ সচিব	সদস্য সচিব

কর্মপরিধিঃ
১। কমিটি সদস্য/সদস্যা কর্তৃক দাখিলকৃত প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সুপারিশসহ তা উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করিবে।
২। কমিটি প্রকল্পসমূহের বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহার নিশ্চিত করিবে।
৩। কমিটি প্রতি মাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রেরণ করিবে।
৪। বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রেরণ করিবে।

(ঘ) প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

(১) অনুমোদিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন করিতে হইবে।

(২) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করিতে হইবে এবং অনুমোদনের জন্য সভার কার্যবিবরনীসহ উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কমিটির নিকট দাখিল করিতে হইবে। উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ কমিটি দাখিলকৃত কমিটি চূড়ান্তভাবে অনুমোদন করিবেন। কোন বিষয়ে দ্বিমত সৃষ্টি হইলে উপজেলা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির সকল সদস্যকে অবশ্যই ইউনিয়নের অধিবাসী হইতে হইবে। প্রত্যেক কমিটিতে অন্ততঃপক্ষে একজন মহিলা সদস্য থাকিবেন। চেয়ারম্যানসহ কমিটির সদস্য সংখ্যা ৫ হইতে ৭ জন হইবে। স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা সদস্যগণের মধ্য হইতে অথবা একজন বিশিষ্ট ব্যক্তি প্রকল্প চেয়ারম্যান মনোনীত হইবেন। প্রতিষ্ঠান সংশ্লিষ্ট নহে এইরূপ প্রকল্পের ক্ষেত্রে কোন বিশিষ্ট ব্যক্তি কমিটির সভাপতি মনোনীত হইলে প্রকল্প সংশ্লিষ্ট ওয়ার্ডের সদস্য কমিটির সদস্য সচিব হইবেন। কমিটিতে সমাজকর্মী, স্কুল শিক্ষক (বেসরকারী) ও আনসার ভিডিপির সদস্য থাকিবেন। তবে কোন কারণে সংশ্লিষ্ট চেয়ারম্যান/মেমবার অনুপস্থিত থাকিলে ইউনিয়ন পরিষদ সিদ্ধান্তের মাধ্যমে অন্যকোন মেমবারকে প্রকল্প চেয়ারম্যান হিসাবে মনোনয়ন দেওয়া যাইতে পারে ।

(৩) জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিকে এলাকার ন্যূনতম ২ জন গণ্যমান্য সদস্যসহ ৫-৭ সদস্যের একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করিতে হইবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এই প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্য-সচিব হইবেন। সংশ্লিষ্ট জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের সভাপতি বা অন্য কোন সদস্য, প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করা যাইবে। প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করা হইলে অন্য কোন শিক্ষককে সদস্য-সচিব করা যাইবে-তবে এই ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৪) প্রকল্প বাস্তবায়ন কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্তির বিষয়ে সম্মতি আছে কি না ইহার প্রমাণস্বরূপ প্রকল্প বাস্তবায়ন কমিটির প্রস্তাব

	ফরমে (সংলগ্নী-১) সকলের স্বাক্ষর থাকিবে। উক্ত ফরম একই সাথে সদস্যদের নমুনা স্বাক্ষরের ফরম হিসাবে বিবেচিত হইবে। পিআইওর সুপারিশে উপজেলা নির্বাহী অফিসার এই ফরমে প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদন করিবেন।
	(৫) প্রতিটি প্রকল্পের জন্য একটি করিয়া প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করিতে হইবে। কিন্তু কোন একটি প্রকল্প যদি একাধিক ইউনিয়ন অতিক্রম করে তবে একটি প্রকল্পে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি অর্থাৎ প্রতিটি ইউনিয়নের জন্য একটি করিয়া কমিটি গঠন করা যাইবে। একই ইউনিয়নাধীন কোন একটি প্রকল্পের ক্ষেত্রে খাদ্যশস্যের বরাদ্দের পরিমাণ ৫০ মেঃ টনের বেশী হইলে সেই প্রকল্পের জন্য সংশ্লিষ্ট জেলা কর্ণধার কমিটির অনুমোদনক্রমে একাধিক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা যাইবে।
	(৬) একই অর্থবছরে কোন ইউনিয়নে ৩টির অধিক গ্রা.অ.স প্রকল্প থাকিলে কমপক্ষে একটি প্রকল্পের চেয়ারম্যান মহিলা (চেয়ারম্যান বা সদস্যাদের মধ্য হইতে) হইবে।
	(৭) কোন অবস্থাতেই এক ব্যক্তি দুইটির বেশী গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর প্রকল্প চেয়ারম্যান হইতে পারিবেন না এবং কোন সরকারী কর্মচারী প্রকল্প কমিটির অন্তর্ভুক্ত থাকিতে পারিবেন না। কোন সরকারী প্রতিষ্ঠানের খাদ্যশস্য বরাদ্দ করা হইলে ঐ প্রতিষ্ঠানের প্রধান/মনোনীত প্রতিনিধি প্রকল্প কমিটির সদস্য-সচিব হইতে পারিবে।
	(৮) ইতোপূর্বে গ্রামীণ অবকাঠামো সংস্কার/রক্ষণাবেক্ষণ/ ভিজিডি/ভিজিএফ কর্মসূচীর, খাদ্যশস্য, ত্রাণ সামগ্রী বা অর্থ ও মালামালসহ কোন প্রকার সরকারী সম্পদ আত্মসাতের অপরাধে যাহাদের বিরুদ্ধে মামলা চলিতেছে অথবা অভিযুক্ত হিসাবে যাহাদের বিরুদ্ধে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কিংবা দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্ত অনুষ্ঠিত হইতেছে অথবা সরকার কর্তৃক অনুষ্ঠিত তদন্তে জনগণের সম্পত্তি অপব্যবহার বা আত্মসাত করিয়াছে বলিয়া প্রমান পাওয়া গিয়াছে তাহাদিগকে এই কমিটিতে কোনক্রমেই প্রকল্প চেয়ারম্যান/সদস্য হিসাবে মনোনীত করা যাইবে না।
	(৯) যদি কেহ পূর্ববর্তী বৎসরের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী প্রকল্পে ব্যয়িত খাদ্যশস্যের হিসাব অর্থাৎ মাষ্টাররোল/বিল ভাউচারসহ অন্যান্য কাগজপত্রাদি দাখিল না করিয়া থাকেন অথবা ব্যয়িত খাদ্যশস্যের সামঞ্জস্যপূর্ণ কাজের হিসাব সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট বুঝাইতে অসমর্থ হইয়া থাকেন তবে তাহাকে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/সদস্য হিসাবে মনোনীত করা যাইবে না।
	(১০) যদি কোন প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন উপরোক্ত নিয়মের পরিপন্থী হয় তাহা হইলে সংশ্লিষ্ট প্রকল্প সাময়িকভাবে স্থগিত বা বাতিল করা যাইতে পারে।
১৩।	**বিভিন্ন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কমিটির দায়িত্বঃ-**
(১৩.১)	ক) **বিভাগীয় কমিশনারঃ** বিভাগীয় কমিশনারগণ জেলা প্রশাসকগণের সাথে মাসিক সমন্বয় সভার মাধ্যমে কাবিখা/টিআর প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করিবেন। প্রয়োজনীয় ক্ষেত্রে দিক নির্দেশনা প্রদান করিবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে নীতিমালা অনুসারে প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন। বিভাগীয় কমিশনারগণ জেলা সফরে গেলে সেই জেলার কাবিখা/টিআর প্রকল্পের কাজ পরিদর্শন করিবেন।
(১৩.১)	**খ) জেলা প্রশাসকঃ** (১) তিনি গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর সার্বিক তত্বাবধান ও সমন্বয় করিবেন। (২) তিনি প্রকল্প সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করিবেন এবং সরকারের নিকট রিপোর্ট প্রেরণ করিবেন। (৩) খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়/ ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর কর্তৃক এ সংক্রান্ত অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করিবেন। (৪) তিনি জেলা কর্ণধার কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের নিশ্চিয়তা বিধান করিবেন এবং কমিটির সকল সদস্যবৃন্দ যাহাতে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী সম্পর্কে ওয়াকিবহাল থাকেন তাহার নিশ্চিয়তা বিধান করিবেন। (৫) বর্ষা/প্রাকৃতিক দুর্যোগ পরিসিহতিতে মাঠের অবসহা পর্যালোচনা করিয়া বরাদ্দকৃত খাদ্যশস্য ছাড়করণের ব্যবসহা করিবেন। (৬) কর্ণধার কমিটিতে গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের পর প্রকল্পওয়ারী সম্পদের বরাদ্দ আদেশ (এ,ও) সংশিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে জারী করিবেন। (৭) প্রকল্পসমূহ অনুমোদনের পর পরই অনুমোদিত প্রকল্প তালিকার ১ কপি, প্রকল্প প্রাক্কলন ছকের সংক্ষিপ্ত বিবরণী (সংলগ্নী ছক মোতাবেক), উপজেলার গৃহীত প্রকল্পের অবসহান দেখাইয়া উপজেলার এক কপি মানচিত্রসহ ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে আবশ্যিকভাবে প্রেরণ করিবেন।
(১৩.২)	**জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাঃ** (ক) গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর প্রকল্পসমূহের কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণের জন্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ব্যাপকভাবে সংশ্লিষ্ট উপজেলাসমূহ পরিদর্শন করিবেন এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে তাঁহার পরিদর্শন রিপোর্ট প্রেরণ করিবেন। তিনি সংশ্লিষ্ট উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কাজের অগ্রগতির সমন্বয় করিবেন এবং এতদুদ্দেশ্যে তিনি পিআইওদের মাসিক বৈঠক আহবান করিবেন এবং মাসের ৪ তারিখের মধ্যে পরবর্তী মাসিক বৈঠকের কার্যবিবরনী ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে এবং মন্ত্রণালয়ের কাবিখা কর্মসূচী অনুবিভাগে প্রেরণ করিবেন। উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট হইতে প্রাপ্ত প্রকল্পসমূহ জেলা সমন্বয় কমিটির সভায় অনুমোদনের জন্য পেশ করার পূর্বে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জেলার সকল পিআইওগণের সহিত পর্যালোচনা সভায় মিলিত হইবেন এবং প্রাপ্ত প্রকল্প প্রস্তাবসমূহ পরীক্ষা করিয়া উহার সঠিকতা সম্পর্কে নিশ্চিত হইবেন। প্রয়োজনবোধে এক উপজেলার প্রকল্প প্রস্তাব অন্য উপজেলার পিআইও দ্বারা পরীক্ষা করানো যাইতে পারে। এইভাবে প্রাপ্ত সকল প্রস্তাবসমূহের কারিগরি ও বিধিগত দিক পরীক্ষান্তে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জেলা প্রশাসকের মাধ্যমে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা সমন্বয় কমিটির নিকট পেশ করিবেন। ত্রুটিপূর্ণ প্রকল্প প্রস্তাব জেলা সমন্বয় কমিটির নিকট প্রেরিত হইলে উহার জন্য সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও সংশ্লিষ্ট পিআইও

	দায়ী হইবেন। উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক প্রণীত প্রকল্প প্রস্তাব সমূহের সঠিকতা নিশ্চিত করার লক্ষ্যে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে প্রকল্প প্রস্তাবসমূহ যে কোন সময় পরীক্ষা করিয়া প্রয়োজনবোধে উহা সংশোধনের জন্য স্থানীয় কর্তৃপক্ষকে পরামর্শ দিতে পারিবেন।
	(খ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মাসে অন্ততঃ ১৫(পনের) দিন জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শন করিবেন এবং প্রত্যেক মাসের ১০ তারিখে ও ২৫ তারিখে সুপারিশসহ প্রতিবেদন জেলা প্রশাসকের নিকট দাখিল করিবেন। উক্ত প্রতিবেদনের এক কপি ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর এবং মন্ত্রণালয়ের কর্মসূচী অনুবিভাগে প্রেরণ করিতে হইবে। প্রত্যেক জেলা কর্ণধার কমিটির সভায় এই প্রতিবেদন পর্যালোচনা করিতে হইবে এবং গৃহীত সিদ্ধান্তের উপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।
	(গ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা তাহার জেলাধীন প্রতি উপজেলার মোট প্রকল্পের মধ্যে ন্যূনপক্ষে ১০% প্রকল্পের প্রাকজরীপ যাচাই, পরিবীক্ষণ ও কর্মোত্তর জরীপ গ্রহণ করিবেন এবং কমপক্ষে ১৫-২০% প্রকল্প সরেজমিনে পরিদর্শন করিবেন এবং যথাসময়ে প্রতিবেদন ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবেন।
(১৩.৩)	**উপজেলা নির্বাহী অফিসারঃ** উপজেলা নির্বাহী অফিসার খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা ও পরিপত্র অনুযায়ী দায়িত্ব পালন করিবেন। প্রতিমাসে যাহাতে কমপক্ষে উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হয় তাহা নিশ্চিত করিবেন। তিনি ঘন ঘন প্রকল্পের বাস্তবায়ন কাজ পরিদর্শন করিয়া প্রকল্পের সুষ্ঠু সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করিবেন ও উপজেলা কমিটিকে অবহিত করিবেন। তিনি প্রকল্পের চূড়ান্ত পরিমাপ লেভেল বহিতে লিপিবদ্ধ আছে কিনা তাহা যাচাই ও স্বাক্ষর করিয়া চূড়ান্ত কিস্তির খাদ্যশস্য/অর্থ ছাড়ের নির্দেশ প্রদান করিবেন।
(১৩.৪)	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাঃ** (ক) পিআইও গ্রামীণ অবকাঠামো সংস্কার প্রকল্পের সার্বিক তত্বাবধানে থাকিবেন। (খ) গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর সকল প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও উপজেলা কর্তৃপক্ষের নথিতে প্রয়োজনীয় সঠিক মাপ লিপিবদ্ধ করিয়া রাখার দায়িত্ব পিআইওর। (গ) পিআইও বার বার প্রকল্প এলাকা পরিদর্শন করিবেন। তিনি প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কর্তিত মাটির খাদের মাপ পরীক্ষাপূর্বক কর্তিত মাটির পরিমাণ যাচাই করিয়া সম্পাদিত কাজের গুনগত মান নির্ধারণ করিবেন এবং শ্রমিকগণ যাহাতে সময়মত তাহাদের ন্যায্য পারিশ্রমিক পায় সে বিষয়ে নিশ্চয়তা বিধান করিবেন। (ঘ) পিআইও প্রকল্পের ডিজাইন ও নির্দেশাবলী যাচাই করিবেন এবং বাস্তবায়ন কমিটিকে কর্মসূচীর নিয়ম কানুন ও কারিগরি বিষয়ে পরামর্শ প্রদান করিবেন। তিনি প্রকল্পের ডিজাইন শীট এবং পরিপত্রের সংশ্লিষ্ট অংশের কপি পিআইসি কে সরবরাহ করিবেন। (ঙ) সম্পদ ছাড় করণের প্রস্তাব/সুপারিশ করার পূর্বে পিআইও অবশ্যই প্রকল্পসমূহ পরিদর্শন করিবেন এবং সম্পাদিত কাজ যাচাই করিয়া দেখিবেন এবং নির্ধারিত ছকে পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবেন। (চ) পিআইও প্রয়োজন মোতাবেক সরকারী পরিদর্শনকারী কর্মকর্তাগণকে সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করিবেন। (ছ) তিনি গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর প্রতিটি প্রকল্পের জন্য একটি করিয়া পৃথক হাল নাগাদ নথি সংরক্ষণ করিবেন। প্রকল্পের যাবতীয় দলিলপত্র যথা মূল প্রকল্প ছক, লেভেলবহি, বরাদ্দ আদেশের অনুলিপি, খাদ্যশস্য উত্তোলন সংক্রান্ত অধিযাচন ফরম ও অর্পনাদেশ জারীর অনুরোধপত্র, তদারকি, পরিধারণ ও পরিদর্শনের প্রতিবেদন সংশিলষ্ট নথিতে সংরক্ষণ করিবেন। প্রকল্প বাস্তবায়ন কমিটির নিকট হইতে প্রতি কিস্তি মাষ্টাররোল সহ অন্যান্য কাগজপত্র গ্রহণের সময় প্রাপ্তি রশিদ অবশ্যই প্রদান করিতে হইবে। প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন, পরিবহন ও আনুষঙ্গিক খরচ বাবদ সকল লেনদেনের বিবরণীও এই নথিতে সংরক্ষিত হইবে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প বাস্তবায়ন কমিটির সংশ্লিষ্ট সকল নথিপত্র মাষ্টার রোলসহ এই নথিতে নথিভুক্ত হইবে এবং প্রাপ্ত নথিপত্রের জন্য উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প বাস্তবায়ন কমিটিকে রশিদ প্রদান করিতে হইবে। সংশ্লিষ্ট নথিপত্রের সুষ্ঠু সংরক্ষণ এবং নিরীক্ষকগণের সম্মুখে চাহিবামাত্র উপস্থিত করার জন্য পিআইও দায়ী থাকিবেন। প্রকল্পের পরিমাপ বহিতে ও লেভেলবহিতে লিপিবদ্ধ করিবেন এবং পরিমাপ বহি ও লেভেল বহি সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর/প্রতিস্বাক্ষর গ্রহণের পর সংরক্ষণ করিবেন। তিনি প্রকল্পের চূড়ান্ত পরিমাপ গ্রহণ ব্যতিরেকে শেষ কিস্তির সম্পদ ছাড় করণের প্রস্তাব পেশ করিবেন না। (জ) তিনি উত্তোলিত ও ব্যয়িত খাদ্যশস্যের জন্য প্রাপ্ত মাষ্টার রোল বিধি মোতাবেক সমন্বয়ের জন্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট নথিতে পেশ করিবেন।
(১৩.৫)	**প্রকল্প বাস্তবায়ন কমিটি (পি আই সি)ঃ** নিম্নে প্রকল্প বাস্তবায়ন কমিটির দায়িত্বাবলী উল্লেখ করা হইলঃ (ক) প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান, প্রকল্প সেক্রেটারী, শ্রমিক সর্দার ও সুপারভাইজারগণের সহায়তায় প্রকল্পের মাপ গ্রহণ করিবেন এবং হিসাব-নিকাশ, নথিপত্র প্রস্তুত ও সংরক্ষণ করিবেন এবং সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাকে চাহিবামাত্র প্রকল্প সংক্রান্ত সকল হিসাব-নিকাশ ও নথিপত্র দেখাইবেন। তিনি পরিপত্র অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করিবেন। বিধি বহির্ভূত কোন সম্পদ ব্যয় করিলে তাহার যাবতীয় দায়দায়িত্ব পিআইসির উপর বর্তাইবে।
	(খ) প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান এবং সদস্যবৃন্দ একক বা যৌথভাবে প্রত্যেকেই দায়ী থাকিবেন। প্রকল্প কমিটির প্রত্যেক সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিতে হইবে এবং উহাতে উপস্থিত প্রত্যেক সদস্যের স্বাক্ষর থাকিতে হইবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান প্রকল্প চলাকালীন সময়ে প্রতি মাসে কমপক্ষে একবার সভা আহবান করিবেন।

	(গ) প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান নিজে বা তাহার মনোনীত প্রতিনিধির মারফত খাদ্যশস্য উত্তোলন, যথাযথভাবে সংরক্ষণ ও তাহা শ্রমিকদের মধ্যে ন্যায্যভাবে বিধি অনুসারে বিতরণের জন্য দায়ী থাকিবেন। তিনি ব্যয়িত সম্পদের মাষ্টার রোল এবং অন্যান্য হিসাব পত্রাদি সংরক্ষণ করিবেন।
	(ঘ) প্রকল্প বাস্তবায়ন কমিটি ইউনিয়ন পরিষদ কর্তৃক নিযুক্ত হইয়া থাকে বিধায় কমিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে ইউনিয়ন পরিষদের নিকট দায়ী থাকিবে। অপরদিকে ইউনিয়ন পরিষদ দায়ী থাকিবে উপজেলা কর্তৃপক্ষের নিকট। প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান প্রকল্প সংক্রান্ত হিসাব নিকাশের জন্য উপজেলা কর্তৃপক্ষের নিকট দায়ী থাকিবেন।
	(ঙ) প্রথম কিস্তির খাদ্যশস্য উত্তোলনের প্রাক্কালে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান এবং সেক্রেটারী ''প্রকল্পে বরাদ্দকৃত সম্পদের সুষ্ঠু ব্যবহারের জন্য দায়ী থাকিবেন'' মর্মে একটি আইন সম্মত চুক্তিনামা (সংলগ্নী-২ অনুযায়ী) স্বাক্ষর করিবেন। উহা ১৫০/-টাকার বা বিধি মোতাবেক প্রয়োজনীয় মূল্যের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে সম্পাদন করিতে হইবে।
	(চ) প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্প চেয়ারম্যান এর মৃত্যু হইলে বা তিনি দায়িত্ব পালনে অপারগ হইলে বা অপসারিত হইলে বা দন্ডপ্রাপ্ত হইলে প্রকল্প সেক্রেটারীর উপর দায়িত্ব বর্তাইবে। কমিটি অতি শীঘ্র প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যদের মধ্য হইতে একজনকে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান নির্বাচন করিবেন এবং উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন গ্রহণ করিবেন। গৃহীত সম্পদ ও বাস্তবায়িত কাজের মধ্যে কোন অসামঞ্জস্যতা দেখা দিলে সে কমিটির সকল সদস্য সমভাবে দায়ী থাকিবেন।
(১৩.৬)	**সর্দার ও সুপারভাইজারঃ** (ক) খাদ্যশস্য প্রকল্পের ক্ষেত্রে সর্দার বলিতে কর্মরত শ্রমিক সর্দারকে বুঝাইবে। তিনি দলীয় শ্রমিকদের দ্বারা মনোনীত হইবেন, প্রকল্প কমিটি কর্তৃক নহেন। তিনি শ্রমিকদের সাথে মাটির কাজ করিলে মজুরীর অংশ পাইবেন । অন্যথায় তিনি শুধুমাত্র সর্দারী প্রাপ্য হইবেন। (খ) সুপারভাইজার বলিতে প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক সাময়িকভাবে নিয়োজিত ব্যক্তিকে বুঝাইবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির প্রথম সভায় এই সুপারভাইজার নিয়োগ অনুমোদনপূর্বক সুপারভাইজারের নাম ও ঠিকানা কার্যবিবরণীতে লিপিবদ্ধ করিতে হইবে। সর্দারসহ প্রায় ১০০ জন শ্রমিকের একটি দলের কাজ তত্বাবধানের দায়িত্ব সাধারণতঃ একজন সুপারভাইজারের উপর ন্যস্ত থাকিবে। সুপারভাইজারের দায়িত্ব নিম্নরূপঃ- ১. শ্রমিকদের পরিচালনা করা, ২. প্রকল্প কমিটিকে মাপ গ্রহণে সহায়তা করা, ৩. নির্ধারিত ডিজাইন ও নির্দেশ মোতাবেক কাজের নিশ্চয়তা বিধান, ৪. শ্রমিকদের পাওনা পরিশোধের সময় উপস্থিত থাকা, ৫. প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত অন্যান্য দায়িত ব পালন করা। ৬. সঠিকভাবে দায়িত্ব পালন না করিলে তিনি পারিশ্রমিক পাইবেন না।
১৪।	**বরাদ্দ আদেশ জারী, অবমুক্তি আদেশ, খাদ্যশস্য উত্তোলন, বন্টন এবং হিসাব সংরক্ষণঃ**
	(ক) জেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার সমন্বয় কমিটির সভাপতি জেলা প্রশাসক গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর সকল অনুমোদিত প্রকল্পের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে প্রতিটি অনুমোদিত প্রকল্পের নাম এবং প্রকল্পওয়ারী খাদ্যশস্যের পরিমাণ উল্লেখ করিয়া বরাদ্দ আদেশ (এ,ও) জারী করিবেন। একই সাথে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর হইতে প্রাপ্ত খাদ্যশস্যের পরিবহন ও আনুসঙ্গিক খরচের থোক বরাদ্দ উত্তোলনপূর্বক উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুকূলে প্রেরণ করিবেন। প্রাপ্ত বরাদ্দের অতিরিক্ত প্রয়োজনীয় পরিবহন ও আনুসঙ্গিক খরচের জন্য অর্থের প্রয়োজন হইলে জেলা প্রশাসকগণ ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের নিকট পরবর্তী পর্যায়ে যৌক্তিকতাসহ চাহিদাপত্র প্রেরণ করিতে পারিবেন।
	(খ) কেবলমাত্র নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ হইলেই উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও উপজেলা হিসাব রক্ষণ অফিসারের নিকট প্রথম কিস্তির খাদ্যশস্যের জন্য অধিযাচন পত্র দাখিল করিবেনঃ- ১. প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন এবং উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক তাহা অনুমোদন। ২. প্রকল্প এলাকায় সাইনবোর্ড স্থাপন। ৩. প্রকল্প কমিটি কর্তৃক চুক্তিনামা সম্পাদন। প্রকল্পের বরাদ্দকৃত খাদ্যশস্য ২৫% এর বেশী পরিমাণ কোন একক কিস্তিতে প্রদান করা যাইবে না। তবে ৬ মেঃ টনের প্রকল্পে ২ (দুই) কিস্তিতে খাদ্যশস্যের অর্পনাদেশ দেওয়া যাইতে পারে।
	(গ) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের বরাবরে অর্পনাদেশ জারীর অনুরোধপত্র প্রেরণ করিবেন। প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান পণ্য অধিযাচন ফরম (সংলগ্নী-৫) এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট চাহিদা পত্র দাখিল করিবেন। প্রকল্প কমিটির চাহিদা প্রাপ্তির পর পিআইও চাহিদার যথার্থতা যাচাই করিবেন এবং অর্পনাদেশ জারীর কার্যক্রম গ্রহণ করিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তার বরাবরে সুপারিশ পেশ করিবেন। প্রথম কিস্তির পরবর্তী কোন কিস্তির খাদ্যশস্যের অর্পনাদেশ জারীর পূর্বে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট প্রকল্পের কাজের মাপ, খাদ্যশস্য পরিশোধের হিসাব এবং কাজের অগ্রগতির নথিপত্রসমূহ পুংখানুপুংখরূপে পরীক্ষা করিয়া দেখিবেন এবং পিআইও এর মারফত যাচাই করিয়া লইবেন। প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন/পুনর্যাচাইপূর্বক উপজেলা নির্বাহী অফিসার খাদ্যশস্যের অর্পনাদেশ জারীর অনুরোধপত্র উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের বরাবরে প্রেরণ করিবেন। উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর সম্বলিত চাহিদাপত্র প্রাপ্তির পর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানের অনুকূলে এবং স্থানীয় এল এস ডি/সি এস ডি এর বরাবরে খাদ্যশস্যের ডি ও জারী করিবেন। পূর্ববর্তী কিস্তিতে প্রদত্ত খাদ্যশস্যের অন্ততঃপক্ষে ৭৫% মাষ্টার রোল সমন্বয় না করা পর্যন্ত

	পরবর্তী কিস্তির খাদ্যশস্যের অর্পনাদেশ দেওয়া যাইবে না। প্রকল্পের কোন অনিয়ম বা সম্পদ অপচয়ের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা পিআইও উভয়কে সতর্ক থাকিতে হইবে।
	(ঘ) পূর্ববর্তী অর্পনাদেশের আনুমানিক ২৫% খাদ্যশস্য প্রকল্প বাস্তবায়ন কমিটির হাতে অবশিষ্ট থাকিতেই দ্বিতীয় এবং অনুরূপভাবে তদপরবর্তী পর্যায়ের অধিযাচনপত্রসমূহ দাখিল করিতে হইবে।
	(ঙ) নির্ধারিত তারিখের মধ্যে অনুমোদিত কাজে যে পরিমাণ খাদ্যশস্য ব্যবহার করা সম্ভব ঐ পরিমাণের অতিরিক্ত খাদ্যশস্য উত্তোলন না করার বিষয়ে সতর্কতা অবলম্বন করিতে হইবে। এতদুদ্দেশ্যে যুক্তিসঙ্গত পরিমাণ খাদ্যশস্য কিস্তিতে অগ্রিম প্রদানের উদ্দেশ্যে সুপারিশ করিবার পূর্বে পিআইও প্রকল্পের নথিপত্র পরীক্ষা করিবেন এবং প্রকল্প পরিদর্শন করিয়া চাহিদার যৌক্তিকতা যাচাই করিবেন। অগ্রিম প্রদানের কারণে যদি উহা অব্যবহৃত থাকে, এই জন্য দায়ী ব্যক্তিদেরকে সকল ক্ষয়ক্ষতি বহন করিতে হইবে।
	(চ) বিলম্বিত/ আংশিক ও খাদ্যশস্য প্রকল্পে নগদ টাকায় মজুরী প্রদান সম্পূর্ণ নিষিদ্ধ এবং অনুরূপ ব্যয় সরকার কর্তৃক অনুমোদিত হইবে না।
	(ছ) কেবলমাত্র সম্পূর্ণ প্রকল্পের কর্মোত্তর মাপ গ্রহণের পরই খাদ্যশস্যের সর্বশেষ অধিযাচনপত্র উপস্থাপন করা যাইবে। সর্বশেষ কিস্তির ডি.ও জারীর পর নির্ধারিত তারিখের মধ্যে খাদ্যশস্য উত্তোলনের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকিবে। কোন কারণে স্থানীয় খাদ্য গুদামে খাদ্যশস্য মজুদ না থাকিলে জেলা খাদ্য নিয়ন্ত্রক অন্য কোন নিকটবর্তী খাদ্যগুদাম হইতে নির্ধারিত তারিখের মধ্যে উহা প্রদানের ব্যবস্থা করিবেন।
	(জ) কোন অবস্থাতেই এক প্রকল্পের মঞ্জুরীকৃত খাদ্যশস্য অন্য প্রকল্পে ব্যবহার করা যাইবে না। অনুমোদিত কোন প্রকল্পে খাদ্যশস্য ছাড় করার পূর্বেই যদি প্রকল্পটি বাতিলযোগ্য হয় তবে ঐ পরিমাণ খাদ্যশস্য দ্বারা বিকল্প প্রকল্প প্রস্তাব জেলা প্রশাসক যৌক্তিকতা সহকারে জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করিতে পারিবেন। অনুমোদিত এক প্রকল্পের মঞ্জুরীকৃত খাদ্যশস্য অন্য কোন প্রকল্পে ব্যবহার করা হইলে ঐ খাদ্যশস্য আদায়ের জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাইবে। বিষয়টি ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরকে অবহিত করিতে হইবে।
১৫।	**নথিপত্রসমূহ সংরক্ষণঃ** প্রতিটি প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নবর্ণিত নথিপত্রসমূহ সংরক্ষণ করিবেনঃ- (ক) মাপবহি (সংলগ্নী-১০) (খ) মাপ ও মজুরী প্রদানের কাগজপত্র সমূহ (সংলগ্নী -৯) (গ) নিয়মিত মাষ্টাররোল সহ সমন্বিত মাষ্টাররোল (সংলগ্নী -৬ ও ৭) (ঘ) খাদ্যশস্যের জন্য মজুদ খতিয়ান
১৬।	**খাদ্যশস্য পরিবহন খরচ এবং আনুষঙ্গিক ব্যয় (টন প্রতি)ঃ**
	খাদ্যশস্যের পরিবহন ব্যয় নিম্নরূপভাবে হইবেঃ- <u>দুরত্বের পরিমাণ</u> — <u>দর (টাকা)</u> ১। সমতল এলাকার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত — ২৩০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত — ২৮০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ — ৩০০/- ২। হাওর এলাকার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত — ২৭০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত — ৩২০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ — ৩৫০/- ৩। রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত — ৩০০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত — ৩৫০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ — ৩৮০/- আলোচ্য পরিবহন ব্যয়ের ৬০ শতাংশ বাজেট বরাদ্দ থেকে এবং ৪০ শতাংশ খালি চটের বস্তা বিক্রয়লব্ধ অর্থ হইতে মেটানো হইবে। **চটের** খালি বস্তার মূল্য ২৫/- টাকার কম হইবে না। যদি একটি খালি বস্তার মূল্য ২৫/- (পঁচিশ) টাকার কম হয় তাহা হইলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বিষয়ইটি পরীক্ষা করিয়া দেখিবেন এবং সন্তুষ্ট হইলে সমন্বয় করিবেন। অতিরিক্ত পরিবহন খরচের প্রয়োজন হইলে জেলা প্রশাসকের মাধ্যমে অধিদপ্তরে প্রসস্তাব প্রেরণ করিবেন। আর্থিক বছর শেষে এই খাতের অব্যয়িত অর্থ সরকারের নির্ধারিত খাতে জমা করিতে হইবে। পলি বস্তার মূল্য ৮/- (আট) টাকা ধার্য্য করিতে হইবে এবং এক্ষেত্রে ২০% আয় বস্তার বিক্রয়লব্ধ অর্থ দ্বারা পরিবহন খরচের ব্যয় সমন্বয় করিতে হইবে। অবশিষ্ট ৮০% পরিবহন ব্যয় হিসাবে বরাদ্দ দেওয়া হইবে।
	৪। এতদ্ব্যতীত খাদ্যশস্য প্রকল্পের ফরম ছাপানো, প্রকল্পের সাইনবোর্ড তৈরী, ষ্টেশনারী সামগ্রী এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির আনুষঙ্গিক খরচের নিমিত্ত প্রতি মেঃ টন খাদ্যশস্যের জন্য ১০০/- টাকা হারে হিসাব করিয়া প্রতিটি প্রকল্প কমিটির জন্য ন্যূনপক্ষে ১০০০/- টাকা

	হারে আনুষঙ্গিক তহবিল প্রদান করিতে হইবে। উপজেলায় বরাদ্দকৃত এই আনুষঙ্গিক তহবিলের ৫০% দিয়া পিআইও কমিটিসমূহের জন্য নির্ধারিত ছকে নির্দেশাবলীর আলোকে প্রয়োজনীয় ফরম এবং প্রকল্পের সাইনবোর্ড তৈয়ার করিয়া তাহা পিআইসি কে প্রদান করিবেন।এতদভিন্ন উক্ত অর্থের মধ্য হইতে প্রকল্পের কাজ নিবিড়ভাবে তদারকীর জন্য পিআইও উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে সুপারভাইজার নিয়োগ করিতে পারিবেন। এইক্ষেত্রে ব্যয়িত অর্থের যথাযথ হিসাব সংরক্ষণ করিতে হইবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির সেক্রেটারীদের সম্মানী এবং প্রকল্পের দেখাশুনার জন্য প্রশাসনিক/যাতায়াত খরচ বাবদ আনুষঙ্গিক তহবিলের অবশিষ্টাংশ প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানকে প্রদান করিতে হইবে।
	৫। খাদ্যশস্য দ্বারা গৃহীত প্রকল্পের আনুষঙ্গিক ব্যয় ও পরিবহন খরচের অর্থ উপজেলা নির্বাহী অফিসার এবং পিআইওর যৌথ স্বাক্ষরে প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানের অনুকূলে প্রাপকের নামে কেবলমাত্র ব্যাংকে ভাঙ্গানোযোগ্য বিধি মোতাবেক ক্রস চেকের মাধ্যমে পরিশোধ করিতে হইবে। শেষ কিস্তির খাদ্যশস্য উত্তোলনের সময় হিসাবান্তে পাওনা অনুযায়ী পরিবহন ও আনুষঙ্গিক খরচের অবশিষ্ট অর্থ কমিটিকে প্রদান করিতে হইবে। আর্থিক বৎসর শেষে এই খাতের অব্যয়িত অর্থ সরকারের নির্ধারিত খাতে জমা করিতে হইবে।
	৬। পরিবহন ও আনুষঙ্গিক খরচের হার সরকার কর্তৃক পরিবর্তনযোগ্য।
১৭।	মাপ ও মজুরীঃ

১৭.১। গম/চাল দ্বারা গৃহীত মাটির কাজের প্রকল্প প্রণয়নে নিম্নবর্ণিত দর তফশীল অনুসরণ করিতে হইবেঃ

ক্র.নং	আইটেমের বিবরণ	একক	
			গম/ চাউল (কেজি)
০১	মূল মাটির কাজঃ স্বাভাবিক সব ধরনের রাস্তা, বাঁধ ইত্যাদি (প্রাথমিক লিড ৩০ মিটার এবং লিফট ১.৫০ মিটার) মাটি কাটা, উত্তোলন, বহন এবং ১৫০ মিমি স্তরে বিছানো পার্শ্ব ঢাল ও নির্ধারিত নির্দেশ মত সম্পন্নকরন।	ঘনমিটার	২.৪৮৯
০২	অতিরিক্ত লিফটঃ ১.৫০ মিটারের উর্ধ্বে প্রতি ১.০০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য।	ঘনমিটার	০.৩৭৩
০৩	অতিরিক্ত লিডঃ ৩০ মিটারের উর্ধ্বে প্রতি ১৫ মিটার অথবা তার অংশ বিশেষের (৫.০০ মিটারের কম নহে) জন্য। সর্বোচ্চ ১৫ টি।	ঘনমিটার	০.৪৯৮
০৪	ম্যানুয়াল কম্প্যাকশন (মাটি দৃঢ়করণ)ঃ কাঠের হাতুড়ী, বাঁশের গুড়লী অথবা দুরমুজ দ্বারা ১৫০ মিমি স্তরে ঢেলা সরবরাহ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্ন করণ ইত্যাদি।	ঘনমিটার	০.৮০৯
০৫	লেভেলিং, ড্রেসিং, ক্যাম্বারিং, পার্শ্ব ঢাল ঠিককরণ ইত্যাদি যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	বর্গমিটার	০.৪৩৬
০৬	টার্ফিংঃ কমপক্ষে ২২৫ বর্গ মিমি আয়তনের ঘাসের চাপড়া সরবরাহ করিয়া রাস্তা, বাঁধ ইত্যাদির পার্শ্ব ঢাল এবং উপরিভাগে স্থাপন করা এবং গজাইয়া না উঠা পর্যন্ত পানি সেচসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	বর্গমিটার	০.৬২২
০৭	পানি সেচঃ প্রয়োজন অনুযায়ী মাটি কাটার স্থান হইতে পানি নিস্কাশন এবং নিরাপদ দূরত্বে সরানোসহ যাবতীয় কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশমত সম্পন্নকরণ।	ঘনমিটার	১.২৪৫
০৮	মূল মাটির কাজঃ স্বাভাবিক মাটির পুকুর, নালা ও সেচনালা ইত্যাদি মাটিকাটা প্রয়োজনীয় দূরত্বে সরানো, সরানো মাটি লেভেলিং ড্রেসিং করা (প্রাথমিক লিড ২০ মিটার এবং লিফট ২.০০ মিটার) ইত্যাদি সকল কাজ নিয়োজিত কর্মকর্তার নির্দেশ মত সম্পন্নকরণ।	ঘনমিটার	৩.১১২
০৯	অতিরিক্ত লিফটঃ ২.০০ মিটারের উর্ধ্বে প্রতি ১.০ মিটার অথবা তার অংশ বিশেষের (০.৩০ মিটারের কম নহে) জন্য।	ঘন মিটার	০.৪৯৮
১০	অতিরিক্তি লিডঃ ২০ মিটারের উর্ধ্বে প্রতি ১০ মিটার অথবা তার অংশ বিশেষের (৩.০০ মিটারের কম নহে) জন্য।	ঘন মিটার	০.৬২২
১১	শক্ত, কাদা, বালি মাটির জন্য অতিরিক্ত।	ঘন মিটার	০.২৪৯
১২	সুপারভিশন (তদারকি) এর জন্য।		১%
১৩	সর্দারের মজুরীর জন্য		১%

১৭.২	**মাটির সংকোচন/ ক্ষয়ক্ষতির হারঃ** প্রকল্প বাস্তবায়ন পরবর্তী বৎসরে (প্রকল্প সমাপ্তির আর্থিক বৎসর অন্তে দুই মাস) মাপ গ্রহণকালে মোট কর্তিত মাটির ১৫% হারে এবং পরবর্তী

	বৎসর আরও ১০% হারে হ্রাস যোগ করিয়া মাটির সংকোচন ও ক্ষতির হার বিবেচনা করিতে হইবে। মাটির কাজের ম্যানুয়াল অনুযায়ী জলাভূমি/ হাওর এলাকায় সম্পাদিত প্রকল্পের ক্ষেত্রে অতিরিক্ত ৫% হ্রাস যোগ হইবে। প্রাকৃতিক দুর্যোগের জন্য বর্ণিত হার ক্ষতির মাত্রা অনুযায়ী বৃদ্ধি পাইবে। সংশ্লিষ্ট জেলা কর্তৃপক্ষের সুপারিশক্রমে তাহা পরীক্ষা নিরীক্ষা করিয়া ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর এই মাত্রা নির্ণয় করিতে পারিবেন।
১৮।	**প্রকল্পের সাইনবোর্ডঃ**
১৮.১।	প্রত্যেক প্রকল্প এলাকায় নিম্নোক্ত তথ্যাদি সম্বলিত ১.৫২৪ মিটার×০.৯১৪ মিটার (৫ফুট×৩ফুট) আকারের বাংলায় লিখিত একটি সাইনবোর্ড স্থাপন করিতে হইবে। উপজেলা কমিটি এবং ইউনিয়ন পরিষদকে ইহার নিশ্চয়তা বিধান করিতে হইবে।

সাইনবোর্ডের নমুনা- খাদ্যশস্য প্রকল্পের জন্যঃ

ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর
গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী

আর্থিক বৎসরঃ
১। (ক) প্রকল্প নং (খ) ইউনিয়ন (গ) উপজেলা (ঘ) জেলা
২। প্রকল্পের নামঃ
৩। প্রকল্পের দৈর্ঘ্য/আয়তনঃ মিটার/বর্গমিটারঃ
৪। (ক) কাজ আরম্ভের তারিখঃ (খ) সম্ভাব্য সমাপ্তির তারিখ
৫। বরাদ্দের পরিমাণঃ (ক) মূল মাটির কজের জন্য প্রাক্কলিত গম/ চাউলের পরিমাণঃ
(খ) আনুষঙ্গিক কাজের (সর্দার/সপুার ভাইজার সহ) জন্য প্রাক্কলিত গম/চাউলের পরিমাণঃ
(গ) মোট খাদ্য শষ্য বরাদ্দের পরিমাণঃ মেট্রিক টন
৬। অনুমোদিত কাজের বিবরণঃ (ক) মূল মাটি.....................ঘনমিটার
(খ) লীড ....টি............ঘনমিটার (গ) লিফট.... টি ....ঘনমিটার
(ঘ) ক্র`স বাঁধ.............ঘনমিটার (ঙ) পানি নিস্কাশন ....ঘনমিটার
(চ) লেভেলিং/ড্রেসিং...........বর্গমিটার (ছ) ঘাসের চাপড়া লাগানো......বর্গমিটার
(জ) বৃক্ষ রোপণ টি
৭। শ্রমিক মজুরী হারঃ প্রতি ঘনমিটার মাটির জন্য .... কেজি
৮। শ্রমিক সর্দার মজুরী হারঃ প্রতি ঘনমিটার মাটির জন্য .... কেজি
৯। প্রকল্প সপুারভাইজারঃ প্রতি ঘনমিটার মাটির জন্য .... কেজি
১০। প্রকল্প বাঃ কঃ চেয়ারম্যানের নাম ও পদবীঃ

